

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৪৭৩

তারিখ : ৩০.১২.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭০১) আওতাধীন “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের এডিপিতে বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ৭৩২.২৫ লক্ষ (সাত কোটি বত্রিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩০.০৭.২০১৩ তারিখের নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-২৯৯ সংখ্যক আদেশের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) এর অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপিতে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে ২য় কিস্তি বাবদ ৭৩২.২৫ লক্ষ (সাত কোটি বত্রিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারী করা হয়েছে :


(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনে র পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭০১)	“শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০)	অনুমোদিত	২য় কিস্তির জিওবি অর্থ	২৪.৭৫	৭০৭.৫০	৭৩২.২৫

তবে শর্ত থাকে যে,

- এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতাপর্ন করা হয়েছে সেই অনুযায়ী জারী করা হলো।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৪০


৪৭৬

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৪৭৬(৯)

তারিখ : ৩০.১২.২০১৩ খ্রিঃ

অনুলিপি ও সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, "শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ" শীর্ষক প্রকল্প, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. উপ-সচিব (এফএমএ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব